

জীবিত ভর্তিতে উৎকোচ নির্তে গিয়ে ধরা পড়েছে দুই কর্মচারী

। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সর্বোদ্যোগ ।
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অনার্স প্রথম
বর্ষে ভর্তি প্রক্রিয়ায় যোটা অংকের উৎকোচ

নিতে গিয়ে হাতেনাতে ধরা পড়েছে দুই
কর্মচারী। গতকাল ইতিহাস বিভাগে এ ঘটনা
ঘটে। পরে বিভাগীয় সভাপতি ও পরীক্ষা
কমিটি তাদের বিশ্ববিদ্যালয়ের এডিশনাল
রেজিস্ট্রারের কাছে সোপর্দ করে।

গতকাল বেলা ১২টার পর অপেক্ষমাণ
ডালিকা থেকে শূন্য আসনে ভর্তির জন্য
ক্রমানুসারে ডাকা হয়। এ সময় মঞ্জুরা
ভাসানী হলের সিকবয় মুসলিম উদ্দিন ও
আলবেতুনী হলের সিকবয় হারুন অর রশিদ
অপেক্ষমাণ কয়েকজন শিক্ষার্থীর কাছে
প্রবেশপত্র ও টাকা চায়। বিষয়টি টের পেয়ে
উপস্থিত কয়েকজন সাংবাদিক কৌশলে তাদের
ভিক্রাসাবাদ করলে তারা জানায়, ভিসির
মাধ্যমে এটি আসন শূন্য করা হয়েছে। এখন
তাদের কাছে টাকা দাবি করছি। ইতিপূর্বে এ
প্রক্রিয়ার মাধ্যমে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগেও
ভর্তি করা হয়েছে বলে তারা জানায়। চুক্তি
অনুযায়ী প্রত্যেক শিক্ষার্থীর কাছ থেকে ভর্তি
বাবদ ১০ থেকে ৪০ হাজার টাকা নিয়ে থাকে
বলেও তারা জানিয়েছে। পরে বিভাগীয়
সভাপতি ড. নূরুল ইসলামসহ ভর্তি পুরীক্ষা
কমিটি তাদেরকে এডিশনাল রেজিস্ট্রারের কাছে
সোপর্দ করেন।